


সংবাদ

২৯/১২/১৯৯৬

ঢাকা : বৃহস্পতিবার ৫ই পৌষ ১৪০৩



রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদ গতকাল বুধবার ঢাকায় নর্থ সাউথ ইউনিভার্সিটির প্রথম সমাবর্তন অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করেন।

মহৎ চরিত্রের কোন বিকল্প হতে পারে না : রাষ্ট্রপতি

□ নর্থ-সাউথ ভার্সিটির সমাবর্তন অনুষ্ঠান

রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দিন আহমদ ডিগ্রি অর্জন ও শিক্ষা জীবন শেষ করার পাশাপাশি চরিত্র গঠনের জন্য ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

বাসস জানায়, গতকাল বুধবার নর্থ সাউথ ইউনিভার্সিটির (এনএসইউ) প্রথম সমাবর্তন অনুষ্ঠানে বক্তৃতাকালে রাষ্ট্রপতি সাহাবুদ্দিন বলেন, ১৯৯২ সালের বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের অধীনে বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপনের প্রধান উদ্দেশ্য হলো দক্ষ জনশক্তি গড়ে তোলা। বিশ্ববিদ্যালয়টির চ্যান্সেলর রাষ্ট্রপতি সাহাবুদ্দিন মোট ৯৬ জন ছাত্রের মধ্যে

সার্টিফিকেট বিতরণ করেন।

রাষ্ট্রপতি বলেন, কষ্টার্জিত শিক্ষা, বুদ্ধিমত্তা ও জ্ঞান অমূল্য সম্পদ; কিন্তু সেগুলো কখনো চারিত্রিক মহত্ত্বের বিকল্প হতে পারে না।

রাষ্ট্রপতি সতর্ক করে দিয়ে বলেন, বেসরকারি বিশ্ববিদ্যালয় স্থাপন এবং তা পরিচালনার জন্য আইনগত প্রয়োজনীয়তা অবশ্যই পূরণ করতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এনএসইউ-এর প্রেসিডেন্ট মুসলেহ উদ্দিন আহমদ ও ইউনিভার্সিটি অফ সাউদার্ন ইন্ডিয়ানার প্রেসিডেন্ট ডঃ রেএইচ হুপস।